

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৮৯৭

পরিচ্ছেদঃ ১২. জোরপূর্বক অন্যায়ভাবে কিছু অধিকার করা - অন্যের জমিতে খেজুর গাছ রোপন করার বিধান

আরবী

وَعَنْ عُرْوَةَ بْنِ الزُّبَيْرِ قَالَ: قَالَ رَجُلُ مِنَ الصَّحَابَةِ; مِنْ أَصْحَابِ رَسُولِ اللَّهِ _ صلى الله عليه وسلم _ في الله عليه وسلم : إِنَّ رَجُلَيْنِ اخْتَصَمَا إِلَى رَسُولِ اللَّهِ _ صلى الله عليه وسلم _ في أَرْضٍ غَرَسَ أَحَدُهُمَا فِيهَا نَخْلًا, وَالْأَرْضُ لِلْآخَرِ, فَقَضَى رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم _ بِالْأَرْضِ لِصَاحِبِهَا, وَأَمَرَ صَاحِبَ النَّخْلِ أَنْ يُخْرِجَ نَخْلَهُ. وَقَالَ: «لَيْسَ لِعِرْقٍ ظَالِمٍ حَقُّ». رَوَاهُ أَبُو دَاؤُدَ, وَإِسْنَادُهُ حَسَنٌ

حديث صحيح. وهو في «سنن أبي داود» (3074) وفيه قوله صلى الله عليه وسلم: «من أحيا أرضًا ميتة فهي له» وهو صحيح، وسيذكره المصنف برقم (916) وانظر ما بعده

বাংলা

৮৯৭. উরওয়াহ ইবনু যুবাইর (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর কোন এক সাহাবী বলেছেন, অবশ্য দু'জন লোক নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর সমীপে একখণ্ড জমির বিবাদ মীমাংসার জন্য বিচারপ্রার্থী হয়েছিল; তাদের এক জনের জমিতে অন্যজন খেজুর গাছ রোপণ করেছিল। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম জমির মালিককে জমি প্রদান করেছিলেন, আর গাছ রোপণকারীকে গাছ উঠিয়ে নিতে হুকুম দিয়েছিলেন। তিনি বলেছিলেন, অত্যাচারী রোপণকারীর জন্য কোন হক (দাবী) সাব্যস্ত নয়। —আবূ দাউদ হাসান সানাদে।[1]

ফুটনোট



[1] আবূ দাউদ ৩০৭৪, ৩০৭৬, তিরমিযী ১৩৭৮, মুওয়াত্তা মালেক ১৪৫৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ উরওয়াহ বিন যুবাইর (রহ.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন